MAR. 1 5 2001

তারিখ ... ... ... ... ... ... ... ...
পৃষ্ঠা ... ৭ ... কলাম ... ৮ ......

ভোরের কাগজ

এসএসসি পরীক্ষা ২০০১ : চট্টগ্রাম বোর্ড

# পরীক্ষার্থী ৭৪ হাজার, কেন্দ্র ফি হিসেবে অতিরিক্ত অর্থ আদায়ের অভিযোগ

**এম এ কোরেশী শেলু, রাঙ্গুনিয়া থেকে :** আজ থেকে শুরু হওয়া এসএসসি পরীক্ষায় চট্টগ্রাম শিক্ষা বোর্ডে বিভিন্ন বিভাগে মোট ৭৪ হাজার ২৪০ জন পরীক্ষার্থী অংশ নিচ্ছে। এ জন্য ৯৩টি কেন্দ্র স্থাপন করা হয়েছে। নকলমুক্ত পরিবেশে সুষ্ঠুভাবে পরীক্ষা অনুষ্ঠানের সকল প্রস্তুতি সম্পন্ন হয়েছে বলে জানালেন বোর্ডের চেয়ারম্যান প্রফেসর আহম্মদ হোসেন তিনি এ ব্যাপারে সকল মহলের সহযোগিতা কামনা করেছেন।

এদিকে পরীক্ষার ফরম পূরণের নামে পরীক্ষার্থীদের কাছ থেকে অতিরিক্ত অর্থ আদায়ের অভিযোগ উঠেছে।

রাঙ্গুনিয়ার একজন অভিভাবক জানান, এ বছর বোর্ড কর্তৃপক্ষ ফরম পূরণের ফি বাবদ বিজ্ঞানে ৫২৫, মানবিক ও ব্যবসা প্রশাসনে ৪৫০ টাকা হারে নেওয়ার জন্য নির্দেশ দিলেও তা কোনো বিদ্যালয়ে মানা হয়নি। তিনি বলেন, পরীক্ষার হলে বিশেষ সুবিধা প্রদানের কথা বলে তাদের কাছ থেকে অতিরিক্ত টাকা নেওয়া হয়েছে। অধিকাংশ বিদ্যালয়ে দ্বিগুণ এমনকি তিনগুণ পর্যন্ত নেওয়া হয়েছে বলে অভিযোগ করেন শতাধিক অভিভাবক।

কয়েকটি বিদ্যালয় এবং পরীক্ষা কেন্দ্রের কর্মকর্তাদের সঙ্গে আলাপকালে জানা যায় আদায়কৃত টাকা কেন্দ্র ফি হিসেবে নেওয়া হয়েছে। তারা বলেন, কমিটির পূর্ব সিদ্ধান্ত অনুযায়ী সে টাকা আদায় করা হয়েছে। তবে এসব টাকার ব্যাপারে কোনো রসিদ না দেওয়ার কথা তারা স্বীকার করেন।

নাম প্রকাশে অনিচ্ছুক একজন কেন্দ্র সচিব জানান, পরীক্ষা কেন্দ্রে দায়িত্বপ্রাপ্ত ম্যাজেস্ট্রেট, বোর্ড প্রতিনিধি, কর্মকর্তা, পুলিশ ও পরীক্ষা হলে কর্মরত শিক্ষক-কর্মচারীদের জন্য আদায়কৃত টাকা ব্যয় করতে হয়। ১০০ টাকা কেন্দ্র ফি নিয়ে কেন্দ্রের খরচ মেটানো কোনোভাবে সম্ভব নয়। তিনি আরো জানান, পরীক্ষা কেন্দ্রের সংশ্লিষ্ট পদস্থ সরকারি কর্মকর্তা ও বোর্ড কর্তৃক প্রেরিত কর্মকর্তাদের সন্তুষ্ট রাখার জন্য মোটা অঙ্কের নজরানা দিতে হয়। তা না দিলে পরীক্ষা কেন্দ্রের বিরুদ্ধে খারাপ রিপোর্ট পেশ হয়। এতে কেন্দ্র বাতিল হওয়ার সম্ভাবনা থাকে। চট্টগ্রাম শিক্ষা বোর্ডের চেয়ারম্যান প্রফেসর আহম্মদ হোসেন এ ব্যাপারে সাংবাদিকদের জানান, রাঙ্গামাটির একটি কেন্দ্রের ব্যাপারে অভিযোগ আসলে তিনি সেখানে তদন্ত টিম পাঠান। তিনি বলেন, অভিযোগ প্রমাণিত হলে ঐ কেন্দের বিরুদ্ধে ব্যবস্থা নেওয়া হবে।